

এবার বিদায়বেলার সুর ধরো ধরো, ও চাঁপা, ও করবী !  
তোমার শেষ ফুলে আজ সাজি ভরো ॥  
যাবার পথে আকাশতলে মেঘ রাঙা হল চোখের জলে,  
ঝরে পাতা ঝরো ঝরো ॥  
হেরো হেরো ওই রুদ্র রবি  
স্বপ্ন ভাঙায় রক্তছবি ।  
খেয়াতরীর রাঙা পালে আজ লাগল হাওয়া ঝড়ের তালে,  
বেণুবনের ব্যাকুল শাখা থরোথরো ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Kalingara  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail